

প্রেস বিজ্ঞপ্তি

তারিখঃ ০৮ মার্চ ২০১৬

**সময়ের আগেই ২০১৬-২০১৭ অর্থবছরের প্রাক-বাজেট আলোচনা শুরু করবে এনবিআরঃ
স্টেকহোল্ডারদের ব্যাপক অংশগ্রহণ নিশ্চিত করতে ডিজিটাল পদ্ধতিকে দেয়া হচ্ছে সর্বোচ্চ গুরুত্ব**

সরকারের রাজস্ব আহরণ সংক্রান্ত কার্যক্রম পরিচালনাকারী মুখ্য জাতীয় প্রতিষ্ঠান হিসেবে জাতীয় রাজস্ব বোর্ড সরকারের রাজস্ব আহরণ বাজেট প্রণয়নে রাজস্ব নীতিমালা প্রস্তুত করে থাকে। এ লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড একটি অংশগ্রহণমূলক, গণমুখী ও সুযম বাজেট প্রণয়নে বরাবরই বিভিন্ন শিল্প ও বণিক সমিতি, ট্রেড এসোসিয়েশন, পেশাজীবী সংগঠন, গবেষণা প্রতিষ্ঠান ও দেশের বুদ্ধিজীবী মহলের নিকট থেকে বাজেট প্রস্তাব আহ্বান এবং তাঁদের সাথে রাজস্ব আদায় পদ্ধতি সম্পর্কে আলোচনা অনুষ্ঠান করে আসছে। আসন্ন ২০১৬-২০১৭ অর্থবছরের রাজস্ব আহরণ কার্যক্রমকে অধিকতর অর্থবহ, বিশ্লেষণধর্মী ও প্রতিনিধিত্বশীল করার জন্য জাতীয় রাজস্ব বোর্ড আলাপ-আলোচনার মাধ্যমে বাজেট প্রণয়নে অগ্রহী। এ উদ্দেশ্যে ইতোমধ্যে জাতীয় রাজস্ব বোর্ডে প্রস্তুতির কাজ শুরু করা হয়েছে।


২০১৬-১৭ অর্থ বছরের বাজেট প্রণয়নের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ডের সদস্যগণের সঙ্গে বাজেট প্রণয়ন সংক্রান্ত কার্যক্রমের বিষয়ে এক আলোচনা সভা আজ সকাল ১০.০০ ঘটিকায় জাতীয় রাজস্ব বোর্ডের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান জাতীয় রাজস্ব বোর্ড জনাব মোঃ নজিবুর রহমান সভায় সভাপতিত্ব করেন।

সভায় ২০১৬-১৭ অর্থ বছরের বাজেট প্রণয়নের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সময়ের আগেই ডিজিটাল পদ্ধতিতে প্রাক-বাজেট আলোচনা শুরু করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। সভায় সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান জাতীয় রাজস্ব বোর্ড জনাব মোঃ নজিবুর রহমান ২০১৬-১৭ অর্থ বছরের বাজেট আলোচনা শুরু করার ক্ষেত্রে কতিপয় গুরুত্বপূর্ণ দিক-নির্দেশনা প্রদান করেন, যা নিম্নরূপঃ

- জাতীয় রাজস্ব বোর্ডে আধুনিকায়ন এবং ডিজিটাল পদ্ধতিতে সার্বিক কার্যক্রম পরিচালনার অংশ হিসেবে এ বছরের প্রাক-বাজেট আলোচনায় ডিজিটাল পদ্ধতি অনুসরণ করা হবে;
- ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে দেশের সকল জেলার সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সাথে প্রাক-বাজেট আলোচনা করা হবে। বিশেষ করে পশ্চাৎপদ অঞ্চলের অংশীজনদের মতামত/পরামর্শ বাজেট প্রণয়নের ক্ষেত্রে যাতে প্রতিফলিত হয় সে বিষয়ে লক্ষ্য রাখা হবে। এছাড়া পার্বত্য চট্টগ্রামসহ হাওড় অঞ্চলের স্টেকহোল্ডারদের প্রাক-বাজেট আলোচনায় সম্পৃক্ত করা হবে। এজন্য স্টেকহোল্ডারদের ব্যাপক অংশগ্রহণ নিশ্চিত করতে ডিজিটাল পদ্ধতিকে সর্বোচ্চ গুরুত্ব দেয়া হবে; এবং
- প্রাক-বাজেট আলোচনায় দেশের অর্থনীতিবিদ, খ্যাতিমান ব্যক্তিত্ব এবং ব্যবসা-বাণিজ্য সংশ্লিষ্ট বিশিষ্ট ব্যক্তিবর্গের অংশগ্রহণ এবং তাঁদের মূল্যবান মতামত, পরামর্শ গুরুত্বের সাথে গ্রহণ করা হবে।

সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান জাতীয় রাজস্ব বোর্ড জনাব মোঃ নজিবুর রহমান তাঁর সমাপনী বক্তব্যে বলেন, “আমরা আমাদের গুরুত্বপূর্ণ অংশীজনদের সহযোগিতায় ২০১৬-২০১৭ অর্থবছরের জন্য একটি অংশীদারিত্বমূলক, গণমুখী, শিল্প ও ব্যবসা-বান্ধব এবং একইসাথে রাজস্ব সম্ভাবনাময় বাজেট প্রণয়ন করতে দৃঢ় অঙ্গীকারাবদ্ধ। এজন্য আমরা নির্ধারিত সময়ের আগেই প্রাক বাজেট আলোচনার জন্য কাজ শুরু করেছি”।

বর্গিত প্রেস বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত মিডিয়ার প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বিনয় অনুরোধ করা হলো।


(সৈয়দ এ. মুমেন)
সিনিয়র তথ্য কর্মকর্তা

প্রাপক,
বার্তা সম্পাদক
সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া।